তারিখ 26 DEC 2016
পৃষ্ঠা 2 কলাম 7

যুগান্তর

নির্দেশ অমান্য করে ভর্তি বিজ্ঞপ্তি

# রংপুর নর্দান মেডিকেল কলেজকে শোকজ

যুগান্তর রিপোর্ট

রংপুর নর্দান মেডিকেল কলেজকে কারণ দর্শানোর নোটিশ জারি করেছে স্বাস্থ্য অধিদফতর। এতে বলা হয়েছে, মন্ত্রণালয়ের আদেশ অমান্য করে চলতি শিক্ষা বর্ষে (২০১৬-১৭) এমবিবিএস কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করেছে বেসরকারি নর্দান মেডিকেল কলেজ। শনিবার এ কলেজের অধ্যক্ষকে ওই অভিযোগের ভিত্তিতে সাত দিনের আলটিমেটাম দিয়ে কারণ দর্শানোর নোটিশ জারি করা হয়।

২২ ডিসেম্বর স্বাস্থ্য অধিদফতরের পরিচালক (চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন) অধ্যাপক ডা. মো. আবদুর রশীদ অধ্যক্ষকে একটি চিঠি দেন। এতে মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী চলতি শিক্ষা বর্ষে শিক্ষার্থী ভর্তি প্রক্রিয়া সাময়িকভাবে বন্ধ রাখার নির্দেশ দেয়া হয়। নির্দেশ না মেনে ১৯ ডিসেম্বর নর্দান মেডিকেল কলেজের নামে ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ হয়।